তারিখ: 06 NOV 2017 ... কলাম ...

**সংবাদ**

মন্ত্রীসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা বিদেশ সফরে

# হাইস্কুলে ভর্তি নীতিমালা চূড়ান্ত করতে পারছে না মাউশি

## বিলম্বের জন্য ক্ষোভ প্রকাশ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের

রাকিব উদ্দিন

শিক্ষামন্ত্রী ও সচিবসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা বিদেশ সফরে থাকায় হাইস্কুলে ভর্তি নীতিমালা-২০১৭ এখনও চূড়ান্ত করতে পারেনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)। সরকারি হাইস্কুলগুলো ভর্তির প্রস্তুতিও নিতে পারছে না। তবে সরকারের নীতিমালার জন্য অপেক্ষা না করেই রাজধানীর শীর্ষস্থানীয় বিদ্যাপীঠগুলো ২০১৭ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু করেছে। নীতিমালা প্রকাশে বিলম্ব হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পরিষদের সদস্যরা।

গত বছর ৩ নভেম্বর মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নীতিমালা প্রকাশ করা হয়। সেই আলোকে ওই বছর ৮ নভেম্বর ভর্তির প্রস্তুতি বিষয়ে রাজধানীর সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় করে মাউশি।

কিন্তু ফ্রান্স সফরে থাকা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ দেশে ফিরবেন আগামী ১১ নভেম্বর ও সচিবসহ (সোহরাব হোসাইন) অন্যান্য কর্মকর্তারা ফিরবেন ১৭ নভেম্বর।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক শাখার একাধিক কর্মকর্তা জানান, বিগত সময়ে শিক্ষামন্ত্রী ও সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভর্তি নীতিমালা চূড়ান্ত করা হয়। তাদের ছাড়া ভর্তি নীতিমালা প্রণয়ন বা চূড়ান্ত করার এখতিয়ার মাউশির নেই।

এ ব্যাপারে জানতে চাইলে মাউশি অধিদফতরের উপ-পরিচালক (মাধ্যমিক) একেএম মোস্তফা কামাল গতকাল সংবাদকে বলেন, 'বেসরকারি স্কুলে ভর্তি নীতিমালার প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। মন্ত্রী ও সচিব দেশে ফিরলে নীতিমালা চূড়ান্ত হবে। সরকারি হাইস্কুলে ভর্তির নীতিমালাও গত বছরের আলোকেই হবে। এবার সময় খুব কম- এজন্য নীতিমালায় বড় ধরনের পরিবর্তনের সুযোগও কম।'

জানা গেছে, রাজধানীর সরকারি হাইস্কুলে ভর্তির ফরম বিতরণ করা হবে আগামী ১ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত, গত বছর যা শুরু হয়েছিল ৩০ নভেম্বর। রাজধানীর ৩৫টি সরকারি হাইস্কুলে ১৭, ১৮ ও ১৯ ডিসেম্বর ভর্তির লিখিত পরীক্ষা নেয়ার সূচি নির্ধারণ করেছে মাউশি। আর প্রথম শ্রেণীতে ভর্তির লটারি ড্র অনুষ্ঠানের সূচি নির্ধারণ করা হয়েছে ২৬ ডিসেম্বর, যা গত বছর করা হয়েছিল ২৪ ডিসেম্বর।

এ ব্যাপারে জানতে চাইলে অধিদফতরের সহকারী পরিচালক শাখায়েত হোসেন বিশ্বাস বলেন, 'রাজধানীর ৩৫টি সরকারি হাইস্কুলের মধ্যে ১৩টিতে প্রথম শ্রেণী চালু রয়েছে। এই ১৩টি স্কুলে লটারির মাধ্যমে প্রথম শ্রেণী ভর্তি নেয়া হবে প্রায় ১৬'শ ছাত্রছাত্রী।'

মাউশি'র কর্মকর্তারা জানান, ঢাকার সরকারি বিদ্যালয়গুলোকে তিনটি গুচ্ছ করে দ্বিতীয় শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা নেয়া হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে বিগত বছরের মতোই ৫০ নম্বরের এক ঘণ্টার ভর্তি পরীক্ষা নেয়া হবে। চতুর্থ থেকে অষ্টম শ্রেণীতে ১০০ নম্বরের হাইস্কুলে : পৃষ্ঠা : ১৫ ক : ৭

## হাইস্কুলে : ভর্তি

(১ম পৃষ্ঠার পর)

২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে। আর জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে বাংলা ১৫, ইংরেজি ১৫ ও গণিতে ২০ নম্বর করে মোট ৫০ নম্বরের এক ঘণ্টার এবং অন্যান্য শ্রেণীতে বাংলা ৩০, ইংরেজি ৩০ ও গণিতে ৪০ নম্বর করে মোট ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেয়া হবে।

রাজধানীর সরকারি উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলোতে এবারও অনলাইনে ভর্তির আবেদন ফরম বিতরণ করা হবে। তবে ভর্তি আবেদন ফরমের মূল্য ১৫০ টাকা থেকে ১৭০ টাকা করার প্রস্তাব দেবে মাউশি অধিদফতর। ২০১৩ সালে সরকারি হাইস্কুলের ভর্তি ফরমের মূল্য পুনর্নির্ধারণ করে ১২০ টাকা থেকে ১৫০ টাকা করা হয়। এবারও ভর্তি ফরমের মূল্য বৃদ্ধির প্রস্তাব করছেন প্রধান শিক্ষকরা।

ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ইনছান আলী সংবাদকে বলেন, 'ফরমের মূল্য বৃদ্ধি করা প্রয়োজন। ১৫০ টাকা দিয়ে কিছুই হয় না। কারণ এই টাকার অর্ধেক দিয়ে দিতে হয় ডিজি (মাউশি অধিদফতর) অফিসের কর্মকর্তাদের।'

ভর্তি নীতিমালা প্রকাশে বিলম্ব হওয়ার কারণে এ কার্যক্রম পিছিয়ে পড়ছে কিনা জানতে চাইলে ইনছান আলী বলেন, 'ভর্তির বিষয়ে এখন পর্যন্ত কোন নির্দেশনা পাইনি। নতুন নীতিমালা প্রকাশে বিলম্ব হলে পুরনো নীতিমালাই অনুসরণ করতে হবে।'

নীতিমালা ছাড়াই বেসরকারি হাইস্কুলে ভর্তি কার্যক্রম

মাউশি অধিদফতরের হিসাবে ঢাকা মহানগরীতে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে প্রায় ৩৮০টি। এসব বিদ্যালয়ের জন্য ভর্তির নীতিমালা প্রকাশ করতে না পারায় প্রতিষ্ঠানগুলো নিজ নিজ উদ্যোগেই ভর্তি কার্যক্রম শুরু করেছে।

এর মধ্যে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণীর ভর্তি আবেদন প্রক্রিয়া ইতোমধ্যে শুরু করেছে। এই স্কুলে আগামী ৯ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। আর ফরম জমা দেয়া যাবে ১২ ও ১৫ নভেম্বর পর্যন্ত। আবেদন বাবদ ২০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। ভর্তির আবেদন করতে হবে অনলাইনে (http://www. vnsc.edu.bd)।

এ ব্যাপারে প্রতিষ্ঠানটির গভর্নিং বডির সভাপতি গোলাম আশরাফ তালুকদার সংবাদকে বলেন, 'নতুন নীতিমালা প্রকাশ না হওয়ায় আমরা ২০১৬ সালের ভর্তি নীতিমালা অনুযায়ীই কার্যক্রম শুরু করেছি। কারণ এখন জেএসসি পরীক্ষা চলছে। সামনে পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষা। এছাড়াও অন্যান্য শ্রেণীর বার্ষিক পরীক্ষা নিতে হচ্ছে। নতুন নীতিমালার জন্য অপেক্ষা করার সময় নেই। তবে নতুন নীতিমালায় যদি কোন পরিবর্তন আসে সেগুলো আমরা প্রতিপালন করবো।'

এ ব্যাপারে জানতে চাইলে মিরপুর সিদ্ধান্ত হাইস্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষক কর্মচারী সংগ্রামী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী নজরুল ইসলাম রনি সংবাদকে বলেন, 'প্রতিবছর এই সময়ে আমরা ভর্তির নীতিমালা পেয়ে যাই। কিন্তু এবার আমাদের হাত গুটিয়ে বসে থাকতে হচ্ছে নীতিমালার জন্য। কারণ মন্ত্রী ও সচিব লম্বা সফরে বিদেশে ঘুরছেন; এটা খুবই দুঃখজনক। এখন বাধ্য হয়ে পুরনো নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম শুরু করতে হচ্ছে।'

ম্যানেবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতির